অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

যদি আপনি দেখে না থাকেন: গভর্নর কুওমো ও অ্যান্ডি কোহেন এর বুজফিড নিউজের (BUZZFEED NEWS) উপ-সম্পাদকীয়: নিউ ইয়র্কের এখনো LGBTQ সম্প্রদায়ের লোকদের প্রতি বৈষম্যকারী আইন রয়েছে। আজ এগুলোর অবসান হোক।

"এই আইনসভার এই বছরের সেশনে সাত দিন বাকি আছে। তারা এই দুইটি ভুল সংশোধন ছাড়া আলবানিকে ছেড়ে যেতে পারবে না। গর্ভধারণ বিষয়ক সারোগেসির অনুমোদন এবং "সমকামী ও রূপান্তরকামী আতঙ্ক (gay and trans panic)" প্রতিরক্ষা নিষিদ্ধকরণ LGBTQ কমিউনিটি এবং সব নিউ ইয়র্কবাসীকে একটি স্পষ্ট বার্তা পাঠাবে যে এই আইনের অধীনে সম্পূর্ণ ন্যায্যতার চেয়ে কম যেকোনো কিছুর জন্য আমরা নিষ্পত্তি করব না।"

বুজফিড নিউজ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ও অ্যান্ডি কোহেন একটি উপ-সম্পাদকীয় প্রকাশ করে যেখানে আইনসভাটি সাত দিনের মধ্যে শেষ হওয়ার আগে গর্ভাবস্থায় সরোগেসি প্রক্রিয়ার অনুমোদন ও "সমকামী ও রূপান্তরকামী আতঙ্ক" প্রতিরক্ষা নিষিদ্ধকরণের জন্য আইন প্রণয়নকারী সংস্থাকে আহ্বান জানানো হয়।

উপ-সম্পাদকীয়টি নিচে পাওয়া যাবে এবং এখানে অনলাইনে দেখা যাবে।

LGBTQ অধিকারের সংগ্রামে নিউ ইয়র্ক স্টেট অগ্রদূত। বিবাহ সমতা পাসে আমরা প্রথম বড় স্টেট ছিলাম। আমরা লিঙ্গ অভিব্যক্তি বৈষম্যহীন আইন - বা GENDA - রূপান্তরকামী ও লিঙ্গ পরিচয়হীন লোকদেরকে বৈষম্য থেকে রক্ষা করার জন্য আইন পাস করেছি। আমরা এইডস মহামারীর অবসান করতে একটি সাহসী অভিযান চালু করেছি। এবং আমরা প্রতিদিন রূপান্তরকামী ও লিঙ্গ পরিচয়হীন লোকদের বিরুদ্ধে ট্রাম প্রশাসনের সর্বাত্মক প্রচেষ্টার বিরুদ্ধে সংগ্রাম করছি।

কিন্তু নিউ ইয়র্ক স্টেটের বৈষম্যমূলক - ও বেশ অকপট বেমানান - LGBTQ কমিউনিটির স্বাধীনতাকে বাধা দেয় এমন বইগুলোর বিষয়ে আইন রয়েছে। এখন আমাদের প্রয়োজন এগুলো ঠিক করা।

প্রথমত, নিউ ইয়র্ক কেবল তিনটি স্টেটের মধ্যে একটি যেখানে গর্ভধারণ বিষয়ক সরোগেসি প্রক্রিয়া অবৈধ। আপনি ঠিকই পড়েছেন। আসলে এই বিষয়টি জেনে অনেকেই হতবাক হয়ে যান - যেমন অ্যান্ডি নিজেই হয়েছিলেন যখন প্রথম তিনি সারোগেসি সম্পর্কে জানতে শুরু করেন। এটা একটা বাজে ব্যাপার যে খাঁটি পরার্থপরতাপূর্ণ একটি বিষয় 2019 সালে নিউ ইয়র্কে বেআইনী হিসেবে গণ্য হচ্ছে।

কোনো সমকামী দম্পতি অথবা সন্তানধারণ নিয়ে সংগ্রাম করছেন এমন কোনো দম্পতি যদি গর্ভধারণ বিষয়ক সারোগেটের সাহায্যে পরিবার শুরু করতে চান, তাহলে তাদের জন্য স্টেটের বাইরে ভ্রমণ করা এবং অন্য স্টেটের আইন মেনে চলা এবং প্রায় সময়ই অপেক্ষাকৃত নিম্নমানের স্বাস্থ্যসেবা গ্রহণ করা বাধ্যতামূলক হয়ে পড়ে। এটি যারা সারোগেসির আশ্রয় নিচ্ছেন তাদের জন্য বেশ খরচের ব্যাপার - আইনী, আর্থিক ও অন্যান্য দিকে - এবং এটি পরিবার গঠনের পথে একটি বাঁধা হয়ে দাঁড়ায় যা আমাদের মূল্যবোধের প্রতিনিধিত্ব করে না।

এগুলো হচ্ছে সেই সমস্যাগুলোর কয়েকটি যেগুলো অ্যান্ডিকে মোকাবেলা করতে হয় তিনি যখন সারোগেসির মাধ্যমে সন্তান গ্রহণের সিদ্ধান্ত নেন, যা ছিল তার জন্য নিজের ঔরসজাত সন্তানলাভের একমাত্র উপায়।

গভর্নর কুওমোর অফিসের প্রথম বছরে যখন আমরা বৈবাহিক সমতা আইন পাশ করি তখন নিউ ইয়র্ক পরিবারের গুরুত্ব এবং কিভাবে তা বিভিন্ন বর্ণ, আকার ও মাপের হতে পারে সে সম্পর্কে শক্তিশালী মতামত তুলে ধরে। কিন্তু গর্ভধারণ বিষয়ক সারোগেসি নিষিদ্ধ করার মাধ্যমে আমরা LGBTQ কমিউনিটি এবং সন্তান ধারণ নিয়ে সংগ্রামে লিপ্তদের আমরা বলছি: আপনি আপনার নিজের স্টেটে নিজের সন্তান গ্রহণ করতে পারেন না।

2019 সালে কেউই সন্তান পালনের আনন্দ থেকে বঞ্চিত হওয়া উচিত নয় - এমন এক যুগে যখন আধুনিক ওষুধ নিত্যদিন নতুন অলৌকিকতা ঘটিয়ে চলেছে এবং যখন আমরা ব্যাপক ঐক্যমতে পৌঁছে গিয়েছি যে পরিবার গঠনের একমাত্র আবশ্যকীয়তা হলো ভালোবাসা।

এই বছরের শুরুতে, গভর্নর কুওমো রিপ্রোডাক্টিভ হেলথ অ্যাক্ট (Reproductive Health Act) স্বাক্ষর করেন, যেখানে বলা হয় যে নারীদের নিজের শরীরের নিয়ন্ত্রণ নিজের হাতে থাকবে। সারোগেসি বিল এটি নিশ্চিত করে যেন একজন গর্ভধারণ বিষয়ক সারোগেট - একজন নারী যিনি অন্যের জন্য একটি সন্তানকে পৃথিবীর আলো দেখাতে চান - দেশের সর্বোচ্চ নিরাপত্তা লাভ করেন। এটি নিশ্চিত করে যে তাদের জন্য লিগ্যাল কাউন্সেল, পর্যাপ্ত স্বাস্থ্যসেবা এবং অন্যান্য জরুরি নিরাপত্তা হাতের নাগালে রয়েছে।

নিরাপদে, নৈতিকভাবে ও আইনীভাবে করা সারোগেসি আশার প্রতিরূপ। এটি পরিবার গঠনের স্বাধীনতা ও সন্তান গ্রহণের আনন্দ উপভোগের প্রতীক। এটি হলো আমাদের মধ্যে যে কেউই অন্যতম সর্বাধিক মৌলিক মানবিক চাহিদা পূরণ করতে পারেন - আমাদের প্রজ্ঞা, ইতিহাস ও সংস্কৃতি নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেয়ার ব্যাপারে নিশ্চিত করা।

দ্বিতীয়ত, এবং আরও বেশি দুঃখজনক যে, নিউ ইয়র্ক স্টেটে LGBTQ কমিউনিটির বিরুদ্ধে কোনো সহিংস অপরাধের অভিযুক্ত কোনো ব্যক্তি তার নিজের হোমোফোবিয়া বা ট্রান্সফোবিয়াকে বৈধ আইনী প্রতিরক্ষা হিসেবে ব্যবহার করতে পারেন।

এটি "সমকামী ও রূপান্তরকামী আতঙ্ক (gay and trans panic)" প্রতিরক্ষা নামে পরিচিত। এটি অরুচিকর এবং এটি বন্ধ হওয়া জরুরী।

এমন অনেক বেশি ভয়ানক ঘটনা রয়েছে যে সমকামী, রূপান্তরকামী এবং লিঙ্গ নির্বিশেষ মানুষেরা কেবল তাদের নিজস্বতার জন্য নিহত হয়েছেন বা আক্রান্ত হয়েছেন। "সমকামী ও রূপান্তরকামী আতঙ্ক" প্রতিরক্ষার অধীনে, ভুক্তভোগীর প্রকৃত বা অনুভূত যৌন অভিমুখিতা বা লিঙ্গ পরিচয়ের উপর দোষ চাপানোর মাধ্যমে তাদের আক্রমণকারীরা আদালতে কম শাস্তির জন্য আপিল করতে পারে।

সবচেয়ে কুখ্যাত দৃষ্টান্ত হলো ম্যাথিউ শেপার্ডের খুন যিনি উইওমিং এর একজন 21-বছর-বয়সী কলেজ শিক্ষার্থী যাকে 1998 সালে দুইজন লোক মেরে হত্যা করেছিল। লোকগুলো তাদের পদক্ষেপ নির্বাহের জন্য "সমকামী আতঙ্ক" প্রতিরক্ষা ব্যবহারের প্রচেষ্টা করেছিল।

এই প্রতিরক্ষা ক্ষতিকর আইনি কৌশল আমাদের বিচার ব্যবস্থায় যার কোনো স্থান নেই। এটি LGBTQ লোকের জন্য সব জায়গায় অপরাধমূলক এবং একটি বিপজ্জনক বার্তা প্রেরণ করে যে সমকামী ও রূপান্তরকামী নিউ ইয়র্কবাসীদের—বা আমলে নেওয়া যে কারো বিরুদ্ধে ঘৃণা অপরাধ—যে কোনোভাবে ঠিক আছে। সেগুলো ঠিক নয়।

আমেরিকান বার অ্যাসোসিয়েশন (American Bar Association) স্টেটগুলোকে আইনের মাধ্যমে সমকামী ও রূপান্তরকামী আতঙ্ক প্রতিরক্ষা হ্রাস করার আহ্বান জানিয়ে 2013 সালে একটি সমাধান বেনামে অনুমোদন করেছিল। তা ছিল ছয় বছর আগে। নিউ ইয়র্ক অনেক দিন অপেক্ষা করেছে; LGBTQ কমিউনিটি অনেক দিন অপেক্ষা করেছে।

তিনটি স্টেট ইতোমধ্যে সমকামী ও রূপান্তরকামী আতঙ্ক প্রতিরক্ষা নিষেধ করেছে। পরবর্তীতে নিউ ইয়র্ককেও তা করতে হবে। আমরা জানি যে একবার নিউ ইয়র্ক কাজ করলে, অন্যান্য স্টেট আমাদের পথ অনুসরণ করবে।

এই আইনসভার এই বছরের সেশনে সাত দিন বাকি আছে। তাদের এই দুইটি ভুল সংশোধন ছাড়া আলবানিকে ত্যাগ করা যাবে না। গর্ভধারণ বিষয়ক সারোগেসির অনুমোদন এবং "সমকামী ও রূপান্তরকামী আতঙ্ক" প্রতিরক্ষা নিষিদ্ধকরণ LGBTQ কমিউনিটি এবং সব নিউ ইয়র্কবাসীকে একটি স্পষ্ট বার্তা পাঠাবে যে এই আইনের অধীনে সম্পূর্ণ ন্যায্যতার চেয়ে কম যেকোনো কিছুর জন্য আমরা নিষ্পত্তি করব না।

অ্যান্ডি কোহেন হলেন এমি অ্যাওয়ার্ড বিজয়ী ওয়াচ হোয়াট হ্যাপেন্স লিভ অন ব্র্যাভো (Watch What Happens Live on Bravo) এর আয়োজক এবং নির্বাহী প্রযোজক। গভর্নর অ্যান্ড্রু কুওমো নিউ ইয়র্কের গভর্নর।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন